অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক এবং কানেকটিকাটের মধ্যে নতুন মিউচুয়াল এইড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট ইন্টার-স্টেট কমপ্যাক্ট (MUTUAL AID EMERGENCY MANAGEMENT INTER-STATE COMPACT) ঘোষণা করেছেন

জরুরি প্রস্তুতি ও সাড়াদানের সক্ষমতা বাড়াতে যৌথ প্রশিক্ষণ অনুশীলন চালাবে স্টেটগুলি

জরুরি সাড়াদানের জন্য স্টেট পুলিশ ও ন্যাশনাল গার্ড এভিয়েশন (National Guard Aviation) পরিসম্পদের সমন্বয়

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) এর নাগরিক প্রস্তুতি কোরের প্রশিক্ষণের সম্প্রসারণ

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং কানেকটিকাট স্টেট পুলিশের মধ্যে প্রযুক্তি উন্নয়ন এবং আন্তঃকর্মক্ষমতার মূল্যায়ন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক এবং কানেকটিকাটের মধ্যে একটি নতুন মিউচুয়াল এইড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট ইন্টার-স্টেট কমপ্যাক্ট ঘোষণা করেছেন। অবিলম্বে কার্যকর হওয়া, সমবায় চুক্তিটি, স্টেটের জরুরি অবস্থায় উত্তম সুরক্ষার জন্য সাড়াদানকারী এবং আইন প্রয়োগকারী সংস্থা উভয়ের জন্য পথ বিস্তৃত করবে এবং মূল্যবান জীবন রক্ষা এবং আরো দক্ষতার সাথে গুরুত্বপূর্ণ সম্পদ মোতায়েন করে প্রাকৃতিক ও মানবসৃষ্ট উভয় প্রকার, বিপর্যয় ও জরুরি অবস্থার সময় দ্রুত ও কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য অঞ্চলকে প্রস্তুত করবে। জলবায়ু পরিবর্তন এবং গণ শুটিং এর মত, মানবসৃষ্ট বিপর্যয়ের ফলে উদ্ভুত হুমকিসমূহের কোনো সীমানা নেই এবং নাগরিকদের সব অধিকারক্ষেত্রে নিরাপত্তায় কঠোর হুমকি দেয়। উভয় স্টেট এই চির-বিবর্ধিত হুমকির দ্বারা ঠেলে দেওয়া চাহিদা পূরণ করতে প্রস্তুত তা নিশ্চিত করতে এই উদ্যোগ নিউ ইয়র্ক এবং কানেকটিকাটের মধ্যে অংশীদারিত্ব এবং সহযোগিতা জোরদার করবে।

"কানেকটিকাট আমাদের পূর্ব দিকের প্রতিবেশী এবং এমন অনেক বিষয় আমরা মোকাবেলা করছি তা যখন আমরা সমন্বিতভাবে কাজ করি তখন বর্ধিত করা হয়", **গভর্নর কুওমো বলেন।** "সবচেয়ে গুরুত্বপূর্ণ যে বিষয়ে আমরা সহযোগিতা করতে পারি তা হলো আমাদের বাসিন্দাদের নিরাপত্তা যার কারণ এই জরুরি ব্যবস্থাপনা অংশীদারিত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের

চুক্তিটি আমাদের দুই স্টেটের কঠিন সময়ের জন্য আমাদের প্রয়োজনীয় সম্পদগুলো নিশ্চিত করার বিষয়ে এবং এটিই পার্শ্ববর্তী স্টেটগুলো করে।"

কানেকটিকাটের গভর্নর নেড ল্যামোন্ট বলেন, "আমি প্রথম যেটি জেনেছি সেটি হলো আমাদের স্টেটের সীমানা বেশ কৃত্রিম এবং আমাদের শক্তি চাহিদা এবং বিশেষ করে আমাদের নিরাপত্তার ক্ষেত্রে লং আইল্যান্ড সাউন্ড (Long Island Sound) থেকে মেট্রো-নর্থ (Metro-North) পর্যন্ত- আমাদের মধ্যে অনেক সমাপতিত অংশ আছে। আমরা একসাথে কাজ করলে তা অপেক্ষাকৃত ভালো হয় এবং গভর্নর কুওমোকে একজন প্রতিবেশী হিসেবে পেয়ে আমরা সৌভাগ্যবান এবং যে সব কাজ আমাদের একসাথে করতে হবে তা আমি তার সাথে খুব ঘনিষ্টভাবে করতে চাই।"

জয়েন্ট ন্যাশনাল গার্ড প্রশিক্ষণ অনুশীলন
নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড এবং কানেকটিকাট ন্যাশনাল গার্ড দুর্যোগে বিদ্যমান জরুরি অবস্থায় সাড়াদান পদ্ধতি এবং সাড়াদানের সক্ষমতা জোরদারের জন্য একটি যৌথ জরুরি ব্যবস্থাপনা ড্রিলস পরিচালনা করবে। এই অনুশীলনগুলো সহায়কভাবে বিকশিত হবে এবং একটি অনুশীলন অন্তর্ভুক্ত হবে নিউ ইয়র্কে এবং অন্যটি হবে কানেকটিকাটে। এই ড্রিলগুলো প্রতিটি স্টেটের প্রস্তুতি এবং জরুরি অবস্থায় সাড়াদানের সক্ষমতা পরীক্ষা ও বৃদ্ধি করবে এবং সর্বোত্তম অনুশীলন ও সাড়াদান সম্পদ বিনিময় সক্ষম করবে।

জরুরি অবস্থায় সাড়াদানের জন্য বিমান সম্পদের সমন্বয়
প্রাকৃতিক দুর্যোগে সাড়াদানের সময় বিমান সরঞ্জাম, যেমন হেলিকপ্টার এবং চালকবিহীন বিমান ব্যবস্থা (Unmanned Aerial Systems, UAS) অত্যন্ত মূল্যবান সম্পদ বলে প্রমাণিত হয়। নিরাপদে একটি দুর্যোগের দৃশ্যের মূল্যায়ন করতে এবং সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতিতে কর্মীদের মোতায়েন করার পূর্বে কাজের উপযুক্ত কোর্স নির্ধারণে এই সম্পদগুলো মোতায়েন করা যেতে পারে। সেই অনুযায়ী, বিমান সম্পদের অবস্থার পাশাপাশি এগুলোর ব্যবহার পরিচালনা করে এমন নীতিমালা ও পদ্ধতি নিয়মিত মূল্যায়ন করা গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড, নিউইয়র্ক স্টেট পুলিশ, কানেকটিকাট ন্যাশনাল গার্ড এবং কানেকটিকাট স্টেট পুলিশ যৌথভাবে জরুরি অবস্থায় সাড়াদানের জন্য তাদের বর্তমান বিমান সক্ষমতা মূল্যায়ন করবে। বিশেষ করে, উভয় স্টেট একটি ব্রাশ ফায়ারে এগুলোর সাড়াদান পরীক্ষা করার জন্য একটি অনুশীলন চালাবে যা স্টেট লাইনকে অতিক্রম করে।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নাগরিক প্রস্তুতি কোরের প্রশিক্ষণের সম্প্রসারণ
গভর্নর কুওমোর নেতৃত্বে, 2014 সালে নাগরিক প্রস্তুতি বাহিনী তৈরি করা হয় এবং শুরু থেকে 300,000 জনের অধিক নিউ ইয়র্কবাসীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণগুলো অংশগ্রহণকারীদের যেকোনো জরুরি সময়ে নিজেদের এবং তাদের পরিবারকে নিরাপদ রাখার জন্য সরঞ্জাম প্রদান করে, জরুরি প্রস্তুতির জন্য একটি সর্বাত্মক বিপদ অভিগমন শিক্ষা দেয়। নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিস বিভাগের সহযোগিতায় এসব প্রশিক্ষণ পরিচালনা করে। আরও বেশি ব্যক্তির কাছে এই উদ্ভাবনী কর্মসূচি সম্প্রসারণের প্রচেষ্টায়

এবং উত্তরপূর্ব অঞ্চল জুড়ে জরুরি প্রস্তুতি বাড়াতে, সহযোগিতার জন্য এবং উভয় স্টেট জুড়ে বিদ্যমান নাগরিক প্রস্তুতি সৈন্যদল সক্ষমতা বাড়াতে নিউ ইয়র্ক সংস্থাগুলো কানেকটিকাট ডিপার্টমেন্ট অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অ্যান্ড হোমল্যান্ড সিকিউরিটি (Connecticut Department of Emergency Management and Homeland Security) এবং কানেকটিকাট ন্যাশনাল গার্ড এর সাথে অংশীদার হবে। এই দুই স্টেট সর্বোত্তম অনুশীলন শেয়ার করতে এবং কিভাবে তাদের নিজ নিজ বেসামরিক প্রস্তুতির কর্মসূচি বাড়ানো যায় এবং জোড়দার করা যায় তা আলোচনা করতে যৌথ সেমিনারে একত্র হবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং কানেকটিকাট স্টেট পুলিশের মধ্যে প্রযুক্তি উন্নয়ন এবং আন্তঃকর্মক্ষমতার মূল্যায়ন

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং কানেকটিকাট স্টেট পুলিশ তাদের বর্তমানে আইন প্রয়োগকারী প্রযুক্তির বিস্তৃতি মূল্যায়ন এবং উন্নতির ক্ষেত্র সনাক্ত করতে সহযোগিতা করবে। প্রতিটি স্টেট ইন্টার-স্টেট প্রয়োগকারী প্রচেষ্টা বাড়াতে আন্তঃকর্মক্ষমতা বৃদ্ধিতে প্রচেষ্টা চালাবে। এই প্রযুক্তিগুলো আইন প্রয়োগকারী তদন্তের জন্য অত্যন্ত মূল্যবান প্রমাণ করে এবং এই উদ্যোগ এই প্রযুক্তিগুলোর অধিকতর ব্যবহার সক্ষম করবে।

স্টেট পুলিশ সুপারিনটেনডেন্ট, ন্যাশনাল গার্ড অ্যাডজুটেন্ট জেনারেল এবং উভয় স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি অ্যাডভাইজরের মধ্যে যোগাযোগের একটি সরাসরি পথ স্থাপন

নিউ ইয়র্ক এবং কানেকটিকাট প্রাকৃতিক বিপর্যয় - সাইবার ঘটনা সহ - যা তাদের একটি বা উভয় স্টেটে প্রভাব ফেলে তা সহ মানবসৃষ্ট দুর্যোগে সাড়াদানের সময় উচ্চতর যোগাযোগ এবং সমন্বয় নিশ্চিত করার জন্য যথাক্রমে, স্টেট পুলিশ কমান্ডার, অ্যাডজুটেন্ট জেনারেল এবং হোমল্যান্ড সিকিউরিটি অ্যাডভাইজারের মধ্যে একটি সরাসরি ফোন লাইন স্থাপন করবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন